গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং-১৬.০৪.০০০০.০০০.০৬.০০২.২০২৫-৮৩০

তারিখ: ০১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ১৫ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: **১৪৪৭ হিজরি/২০২৬ খ্রি. সনের হজের অফিসিয়াল টাইমলাইন/ রোডম্যাপ।**

সূত্র: বাংলাদেশ হজ অফিস জেদ্দার স্মারক নং-১৬.০৪.০০০০.০০০.২৯.০০১.২৩.২৮৯; তারিখ: ১২ জুন ২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, রাজকীয় সৌদি সরকারের হজ ও ওমরাহ মন্ত্রণালয় কর্তৃক গত ৮ জুন ২০২৫ খ্রি. তারিখে ২০২৬ খ্রি. সনের (১৪৪৭ হিজরি) হজের রোডম্যাপ ঘোষণা করা হয়েছে। ঘোষিত রোডম্যাপটি হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), হজ এজেন্সি ও হজ কার্যক্রমে সংশ্লিষ্ট সকলকে অবহিত এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো। ঘোষিত রোডম্যাপ নিম্নরূপ:

নং	সময়সূচি	কার্যক্রম
১.	৮ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ ১২ জিলহজ ১৪৪৬ হিজরি	▪ সৌদি হজ ও ওমরাহ মন্ত্রণালয় কর্তৃক ১৪৪৭ হিজরি সনের হজের টাইমলাইন ঘোষণা ▪ আল্লাহর মেহমানদের জন্য সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ
২.	২৬ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ ১ সফর ১৪৪৬ হিজরি	▪ নুসুক মাসার প্ল্যাটফর্মের মাধ্যমে ক্যাম্পের তথ্য অবলোকন এবং অর্থ স্থানান্তরের সুবিধা চালু
৩.	৯-২৩ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ ১৫-২৯ সফর ১৪৪৭ হিজরি	▪ ১৪৪৬ হিজরি হজ মৌসুমের ক্যাম্পসমূহ ১৪৪৭ হিজরি হজ মৌসুমে গ্রহণের সুযোগ। 'নুসুক মাসার' প্ল্যাটফর্মের মাধ্যমে (ক্যাম্পের ভাড়া ও মাশায়ের প্যাকেজ) চুক্তি নিশ্চিতকর
৪.	২৪ আগস্ট, ২০২৫ খ্রিষ্টাব্দ ১ রবিউল আউয়াল ১৪৪৭ হিজরি	▪ নুসুক মাসার প্ল্যাটফর্মের মাধ্যমে সেবা প্যাকেজ, আবাসন এবং পরিবহনের চুক্তি শুরুকরণ ▪ হজযাত্রী পরিবহনের এয়ারলাইন্স নিয়োগ ও ফ্লাইট সময়সূচী প্রস্তুতকরণ
৫.	১২ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ ২০ রবিউল-সানি ১৪৪৭ হিজরি	▪ হজযাত্রী নিবন্ধন সম্পন্নকরণ ▪ নুসুক মাসার প্ল্যাটফর্মে হজযাত্রীদের তথ্য আপলোড এবং গ্রুপ গঠন শুরু
৬.	৯ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ ১৮ জুমাদা আল-আউয়াল ১৪৪৭ হিজরি	▪ বাংলাদেশ সরকার ও সৌদি সরকারের মধ্যে **দ্বিপাক্ষিক হজচুক্তি** স্বাক্ষর ▪ 'হজ সম্মেলন ও প্রদর্শনীতে' সেবা প্রদানকারী কোম্পানিসমূহের সঙ্গে সেবা চুক্তি সম্পাদন
৭.	২১ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ ১ রজব ১৪৪৭ হিজরি	▪ সেবা প্যাকেজের (তাঁবু ভাড়া + মাশায়ের প্যাকেজ) প্রয়োজনীয় অর্থ প্রেরণ
৮.	৪ জানুয়ারী, ২০২৬ খ্রিষ্টাব্দ ১৫ রজব ১৪৪৭ হিজরি	▪ নুসুক মাসার প্ল্যাটফর্মের মাধ্যমে সার্ভিস কোম্পানির সাথে সেবা গ্রহণের (তাঁবু ভাড়া + মাশায়ের প্যাকেজ) চূড়ান্ত চুক্তি সম্পন্নকরণ ▪ এয়ারলাইন্স ও ফ্লাইট সিডিউল চূড়ান্তকরণ
৯.	২০ জানুয়ারী, ২০২৬ খ্রিষ্টাব্দ ১ শা'বান ১৪৪৭ হিজরি	▪ মক্কা ও মদিনায় হজযাত্রীদের বাড়ি/হোটেল এবং পরিবহন চুক্তির জন্য প্রয়োজনীয় অর্থ স্থানান্তর
১০.	১ ফেব্রুয়ারী, ২০২৬ খ্রিষ্টাব্দ ১৩ শা'বান ১৪৪৭ হিজরি	▪ নুসুক মাসার প্ল্যাটফর্মের মাধ্যমে মক্কা ও মদিনায় হজযাত্রীদের জন্য বাড়ি/হোটেল ভাড়া এবং পরিবহনের চুক্তি চূড়ান্তকরণ
১১.	৮ ফেব্রুয়ারী, ২০২৬ খ্রিষ্টাব্দ ২০ শা'বান ১৪৪৭ হিজরি	▪ হজযাত্রীদের ভিসা প্রদান প্রক্রিয়া শুরু ▪ হজযাত্রীদের গ্রুপ গঠন এবং Pilgrim Data নুসুক মাসার প্ল্যাটফর্মে আপলোড চূড়ান্তকরণ
১২.	২০ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ ১ শাওয়াল ১৪৪৭ হিজরি	▪ ভিসা প্রদান প্রক্রিয়া সমাপ্ত
১৩.	২৫ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ ৬ শাওয়াল ১৪৪৭ হিজরি	▪ হজযাত্রীদের Pre-arrival Data আপলোড শুরু
১৪.	১৮ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ ১ জিলক্বদা ১৪৪৭ হিজরি	▪ হজের উদ্দেশ্যে হজযাত্রীদের সৌদি আরব গমন শুরু ▪ সার্ভিস কোম্পানী কর্তৃক ক্যাম্প (মিনা ও আরাফার তাঁবু) হস্তান্তর

চলমান পাতা-২

বিশেষ নির্দেশনা:

(ক) ২০২৬ সনের হজে হজযাত্রীদের জন্য সর্বোচ্চ ২টি সার্ভিস কোম্পানীর সাথে চুক্তি করা যাবে;

(খ) নুসুক মাসার প্লাটফর্মে ১৫ মহররম ১৪৪৭ হিজরি (১০ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ) তারিখে হজ কোটা ঘোষণা করা হবে;

(গ) সকল ধরনের চুক্তি এবং সেবা সংক্রান্ত পেমেন্ট নুসুক মাসার প্লাটফর্মে সম্পন্ন করতে হবে; এর বাইরে কোন পেমেন্ট কঠোরভাবে নিষিদ্ধ (Strictly Forbidden)

(ঘ) সকল হজযাত্রীর কুরবানীর অর্থ নুসুক মাসার প্লাটফর্মে আবশ্যিকভাবে জমা প্রদান করতে হবে;

(ঙ) হজযাত্রীদের খাবারের জন্য সৌদি ক্যাটারিং কোম্পানীর সঙ্গে চুক্তি সম্পাদন করতে হবে;

(চ) হজযাত্রী ব্যবস্থাপনার কাজে হজে গমনকারীদের তাঁবু, সার্ভিস প্যাকেজ এবং পরিবহন সেবামূল্য প্রদান বাধ্যতামূলক;

(ছ) মেডিকেল ফিটনেস ব্যতীত কোন হজযাত্রী হজে গমন করতে পারবেন না। বিশেষ করে হৃদরোগ, ফুসফুস, লিভার সিরোসিস, কিডনী রোগে আক্রান্ত, নিউরোলজিক্যাল, মানসিক রোগ, ঝুঁকিপূর্ণ গর্ভাবস্থা, সংক্রামক যক্ষা এবং কেমোথেরাপী/রেডিওথেরাপী গ্রহণকারী ক্যান্সার আক্রান্ত রোগীকে হজের নিবন্ধন করতে পারবেন না।

০২। বর্ণিতাবস্থায়, সৌদি সরকার কর্তৃক ঘোষিত রোডম্যাপ ও নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক আগামী ২০২৬ সনের হজ কার্যক্রমের প্রস্তুতি গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ৬ পাতা।

২৫.৬.২৫

মামুন আল ফারুক
উপসচিব
ফোন: +৮৮-০২-৫৫১০১১১৮
morahajsection@gmail.com

বিতরণ:

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ অংশীদার
..... সকল হজ এজেন্সি।

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা
৪. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, (CAAB), কুর্মিটোলা, ঢাকা
৭. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব
৮. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, ঢাকা
৯. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা (সকল পরিচালক ও উপ-পরিচালকদের অবহিতকরণের অনুরোধসহ)
১০. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
১১. উপদেষ্টার একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
১২. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা
১৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৫. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৬. কান্ট্রি ম্যানেজার,সৌদিয়া এয়ারলাইন্স লি:, ঢাকা, বাংলাদেশ
১৭. সেলস এন্ড মার্কেটিং অফিসার, ফ্লাইনাস এয়ারলাইন্স লি:, ঢাকা, বাংলাদেশ
১৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি., ঢাকা (পত্রটি হজ পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
১৯. অফিস কপি।